



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/15/2023

গভর্নর ক্যাথি হোকল

শিশু যাত্রী নিরাপত্তা সপ্তাহ চলাকালীন বিনামূল্যে গাড়ির সিট চেক উপলভ্য করা হবে বলে গভর্নর হোকলের ঘোষণা

*গভর্নর হোকল পিতামাতা ও কেয়ারগিভারদেরকে স্টেটব্যাপী বিভিন্ন অবস্থানে বিনামূল্যে কার সিট ফিটিংয়ের সুযোগ নিতে উৎসাহিত করলেন*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 17 সেপ্টেম্বর, রবিবার শুরু হয়ে 23 সেপ্টেম্বর জাতীয় সিট চেক শনিবারে (National Seat Check Saturday) শেষ হতে যাওয়া শিশু যাত্রী নিরাপত্তা সপ্তাহে (Child Passenger Safety Week) পুরো স্টেটে প্রত্যায়িত শিশু যাত্রী নিরাপত্তা টেকনিশিয়ান দ্বারা বিনামূল্যে শিশুদের কার সিট পরীক্ষা করা হবে। ইভেন্টগুলি একটি বছর দীর্ঘ নিরাপত্তা উদ্যোগের অংশ যেখানে স্টেট ও স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিসমূহ বিনামূল্যে ফিটিং প্রদান করার জন্য বিভিন্ন সম্প্রদায়ের নিরাপত্তা অংশীদারদের সাথে একত্রে কাজ করবে।

"একজন গভর্নর, মা, এবং দাদি হিসেবে, আমাদের শিশুদের নিরাপদ রাখা একটি শীর্ষ অগ্রাধিকার," **গভর্নর হোকল বলেন।** "কার সিট পরীক্ষা জীবন রক্ষা করতে পারে, এবং আমাদের শিশুদের রক্ষা করতে ও জীবন বাঁচানোর জন্য, তাদের সন্তানের যথাযথ বুস্টার সিট বা কার সিটে সঠিকভাবে নিরাপদ আছে কিনা তা নিশ্চিত করার এই সুযোগটি ব্যবহার করতে আমি সকল পিতামাতা ও কেয়ারগিভারদের উৎসাহিত করছি।"

[জাতীয় হাইওয়ে ট্র্যাফিক নিরাপত্তা প্রশাসন](#) (National Highway Traffic Safety Administration, NHTSA) অনুযায়ী, 2021 সালে ট্র্যাফিক দুর্ঘটনায় 15 বছরের কম 1,184 শিশু মারা গেছে, যাদের মধ্যে 40 শতাংশের আটকে রাখার ব্যবস্থা ছিলো না। একই বছর, গাড়ি, SUV, পিকআপ, এবং ভ্যান চালানোর সময় প্রতিদিন ট্র্যাফিক সংঘর্ষে আনুমানিক 445 জন্য আহত হয়েছে।

**নিউ ইয়র্ক স্টেট মোটরযান বিভাগের (New York State Department of Motor Vehicles) কমিশনার এবং গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটির (Governor's Traffic Safety Committee, GTSC) প্রধান মার্ক জে.এফ, শ্রোডার বলেন,** "এটি প্রমাণিত সত্য যে সঠিকভাবে একটি কার সিট, বুস্টার সিট বা সিট বেস্ট ব্যবহার করা হলে তা জীবন রক্ষা করতে পারে। গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটি পিতামাতা ও কেয়ারগিভারদের নিরাপত্তা তথ্য প্রদান করে এবং তাদের সন্তানের নিরাপত্তা সিট যথাযথভাবে ইন্সটল করা হয়েছে তা নিশ্চিত করতে

সারা বছর কার সিট পরিদর্শন সুযোগ প্রদান করে। আমাদের রাস্তাঘাটে কমবয়সীদের রক্ষা করতে সাহায্য করার জন্য ইয়র্ক যে বহু উপায়ে সাহায্য করেছে তার মধ্যে এটি একটি।"

NHTSA অনুযায়ী, যাত্রীবাহী গাড়িতে সঠিকভাবে ব্যবহার করা হলে কার সিট নবজাতকদের (1 বছরের কম বয়সী) প্রাণঘাতী আঘাত পাওয়ার ঝুঁকি 71 শতাংশ হ্রাস করে এবং বাচ্চাদের (1 থেকে 4 বছর বয়সী) জন্য 54 শতাংশ হ্রাস করে। যদিও অধিকাংশ পিতামাতা মনে করে তারা সঠিকভাবে তাদের সন্তানের কার সিট ইন্সটল করেছে, 46 শতাংশ ক্ষেত্রে সিট ভুলভাবে ইন্সটল করা হয়।

তাদের সন্তান, যানবাহনের জন্য মানানসই একটি শিশুকে আটকে রাখার ব্যবস্থা কীভাবে নির্বাচন করতে হয় এবং প্রতিবার সঠিকভাবে ব্যবহার করতে হয় সে ব্যাপারে কেয়ারগিভারদের শিক্ষা প্রদানের জন্য প্রশিক্ষিত টেকনিশিয়ানরা "শিখুন, অনুশীলন করুন, এবং ব্যাখ্যা করুন" মডেল ব্যবহার করবে।

পিতামাতা ও কেয়ারগিভারগণ [তাদের অঞ্চলে বিনামূল্যে শিশু যাত্রী নিরাপত্তা সপ্তাহের কার সিট পরীক্ষা খুঁজে নিতে পারবে](#) বা [থেকে একটি অ্যাপয়েন্টমেন্ট গ্রহণ করতে পারবে](#)।

কার সিট ফিটিংয়ের পাশাপাশি, পিতামাতা ও কেয়ারগিভারগণ কীভাবে পেছনের দিকে মুখ করা এবং সামনের দিকে মুখ করা কার সিট এবং বুস্টার সিট যথাযথভাবে ইন্সটল করতে হয় সেই ব্যাপারে NHSTA এর তৈরি একটি [ভিডিও সিরিজ](#) দেখতে পারবে। এছাড়াও NHTSA [একটি কার সিট নিবন্ধন](#), শিশুর বয়স এবং আকারের ভিত্তিতে সঠিক কার সিট বাছাই এবং [সকল কার সিটের রেটিং](#) সম্পর্কে তথ্য প্রদান করে।

GTSC সম্পর্কে আরো তথ্যের জন্য ভিজিট করুন [trafficsafety.ny.gov](http://trafficsafety.ny.gov), বা GTSC কে ফলো করুন [Facebook](#) এবং [Twitter](#).

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418